৩৫

দৈনিক বাংলা

তারিখ ...3.0 JUN 1995 ... ..
পৃষ্ঠা . ৮ কলাম ৪

# শিক্ষিতের হার চার বছরে ১০ ভাগ বেড়েছে ঃ বি চৌধুরী

মুন্সিগঞ্জ, ২৯ জুন।– জাতীয় সংসদের উপনেতা অধ্যাপক একিউএম বদরুদ্দোজা চৌধুরী বলেন, বর্তমান সরকারের একনিষ্ঠ প্রচেষ্টায় গত চার বছরে দেশে শিক্ষিতের হার প্রায় শতকরা দশ ভাগ বৃদ্ধি পেয়েছে।

তিনি বৃহস্পতিবার শ্রীনগর সরকারী কলেজে নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন। কলেজের অধ্যক্ষ আবদুল মজিদ মুন্সির সভাপতিত্বে এ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় উপমন্ত্রী আবদুল হাই ও মুন্সিগঞ্জ জেলা বিএনপি'র সাধারণ সম্পাদক মজিবুর রহমান বক্তৃতা করেন।

অধ্যাপক চৌধুরী বলেন, দেশের সর্বস্তরের জনসাধারণের ভাগ্যোন্নয়নের লক্ষ্যেই বিএনপি দেশে উৎপাদন ও উন্নয়নের রাজনীতি চালু করেছে। তিনি বলেন, যারা এ উন্নয়নের ধারাকে ব্যাহত করতে চায় তাদেরকে রাজনৈতিকভাবে প্রতিহত করতে হবে এবং উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে হবে।